

**রাজশাহী অঞ্চলের  
শিক্ষার্থীদের বৃত্তি  
প্রদান করল  
এক্সিম ব্যাংক**

কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের  
অংশ হিসেবে, বৃত্তি প্রকল্পের আওতায়  
রাজশাহী অঞ্চলের মেধাবী  
ছাত্রছাত্রীদের মাঝে বৃত্তি প্রদান করল  
এক্সিম ব্যাংক। শনিবার বগুড়ার  
হোটেল নাজ গার্ডেনে অনুষ্ঠিত এক  
অনুষ্ঠানে এসব শিক্ষার্থীর হাতে ২০১৫  
সালের বৃত্তির চেক তুলে দেন  
অনুষ্ঠানের প্রধান অতিথি এবং ব্যাংকের  
ভাইস চেয়ারম্যান মো. আব্দুল মান্নান  
এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন  
ব্যবস্থাপনা পরিচালক ড. মোহাম্মদ  
হায়দার আলী মিয়া। এ সময় আরও  
উপস্থিত ছিলেন ব্যাংকের  
উপব্যবস্থাপনা পরিচালক এম নিরাজুল  
ইসলাম, নিরাজুল হক মিয়া, খাদকার  
রুমী এহসানুল হক সহ এক্সিম ব্যাংক  
প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের  
উর্ধ্বতন নির্বাহীরা। সংবাদ বিজ্ঞপ্তি।